



নথি নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০১২ (কুমিল্লা) ২০১৩.৮৫

তারিখ: ৩০ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ


বিষয়: কারণ দর্শানোর জবাব প্রেরণ।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (শৃঙ্খলা বিষয়ক শাখা) এর ইউ.ও নোট নং-৩৭.০০.০০০০.০৯৫.০৯৯.০৭.২০১৩.১০১, তারিখ: ০৭.০৩.২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এইচএসসি পরীক্ষা ২০২২ এর অধীনে ঢাকা বোর্ডে অনুষ্ঠিত বাংলা ২য় পত্রে সিলেবাস বহির্ভূত প্রশ্নপত্র আপনি প্রণয়ন করেছেন। আপনি মন্ত্রণালয়ের নীতিমালা, মন্ত্রণালয়ের নির্দেশনার বিধান অমান্য করে প্রশ্নপত্র প্রণয়ন করেছেন। শিক্ষা মন্ত্রণালয়ের ১১.০৭.২০১৯ তারিখের স্মারক নং-পিএস/১৯/৪০৯৪ মূলে এবং ২২.১১.২০০৯ তারিখের স্মারক নং-শিম/শা:-১১/বিবিধ-৬(সেসিপ)/২০০৪(অংশ-১)১১৪৮ মূলে জারিকৃত পরিপত্রে অত্যন্ত কঠোরভাবে সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের নির্দেশনা সুস্পষ্টভাবে লংঘন করেছেন।

২.০ প্রশ্নপত্রে কোন কোন বিষয়ে বিতর্কিত/অসঙ্গতিপূর্ণ/সিলেবাস বহির্ভূত প্রশ্নপত্র প্রণয়নসহ সংগঠিত বিভিন্ন ত্রুটি বিচ্যুতি ও অসঙ্গতির কারণ অনুসন্ধান এবং এ জন্য দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গকে চিহ্নিত করার লক্ষ্যে অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) কে আহ্বায়ক করে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। এ বিষয়ে তদন্ত কমিটি প্রতিবেদনে চলমান উচ্চ মাধ্যমিক ও সমমান ও পরীক্ষা ২০২২ এর বাংলা ২য় পত্রের সিলেবাস বহির্ভূত প্রশ্নপত্র জনাব মো: এনামুলক হক, সহকারী অধ্যাপক (বাংলা), বুড়িচং এরশাদ ডিগ্রী কলেজ, বুড়িচং, কুমিল্লা প্রণয়নে আপনি জনাব প্রশান্ত কুমার পাল, সহকারী অধ্যাপক (বাংলা), ডা. সাইফুল ইসলাম ডিগ্রী কলেজ, মহেশপুর, কিনাইদহ দায়ী মর্মে উল্লেখ করেছেন। এইচএসসি পরীক্ষা ২০২২ এর ঢাকা বোর্ডের অধীনে অনুষ্ঠিত বাংলা ২য় পত্রে সিলেবাস বহির্ভূত প্রশ্নপত্র প্রণয়নকারী হিসেবে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে।

৩.০ এমতাবস্থায়, এইচএসসি পরীক্ষা ২০২২ এর ঢাকা বোর্ডের অধীনে অনুষ্ঠিত বাংলা ২য় পত্রে সিলেবাস বহির্ভূত প্রশ্নপত্র প্রণয়ন করার বিষয়ে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় জনবলকাঠামো ও এমপিও নীতিমালা ২০২১ এর ১৮.১ অনুযায়ী কেন আপনার এমপিও বাতিল করা হবে না আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে তার জবাব এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৩/০৪/২০২৩
(মো: মিজানুর রহমান)
উপসচিব

ফোন : ৫৫১০০৫১৭

ই-মেইল: nongovt.secondary.Sec3@shed.gov.bd

জনাব মো: এনামুলক হক, সহকারী অধ্যাপক (বাংলা)
বুড়িচং এরশাদ ডিগ্রী কলেজ, বুড়িচং, কুমিল্লা।

সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. উপসচিব, শৃঙ্খলা বিষয়ক শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমিল্লা।
৭. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৮. অধ্যক্ষ, বুড়িচং এরশাদ ডিগ্রী কলেজ, বুড়িচং, কুমিল্লা।
৯. অফিস কপি।